ক্রিমিন্যাল কেইসেস রিভিউ কমিশন কি?

সি.সি.আর.সি (CCRC) হলো একটি নিরপেক্ষ সরকারী সংস্থা। কোন মামলায় ন্যায় বিচার প্রদান করা হয়নি সন্দেহ করা হলে, সেই মামলা এই সংস্থাটি পুণর্বিবেচনা করে দেখে। বার্মিংহ্যাম সিক্স (Birmingham Six) এর মতো বিভিন্ন মামলার ন্যায়বিচারে ব্যর্থতার কারণে জনগণের উদ্বেগ ও ক্ষোভ বেড়ে যাওয়ার ফলে ১৯৯৭ সালে সি.সি.আর.সি (CCRC) গঠন করা হয়।

সি.সি.আর.সি (CCRC) বার্মিংহ্যামে অবস্থিত এবং কমিশনারগণ সহ ১০০ জনেরও বেশি কর্মচারী এই সংস্থায় কাজ করেন।

কে দরখাস্ত করতে পারেন?

ইংল্যান্ড, ওয়েল্‌স অথবা নর্দার্ণ আয়ারল্যান্ডের কোন স্থানে দন্ডনীয় অপরাধে দোষী সাব্যস্ত হয়েছেন এমন যে কোন লোক দরখাস্ত করতে পারবেন। তবে তাদেরকে সর্বপ্রথম স্বাভাবিক আপীল প্রক্রিয়া অনুসরণ করতে হবে। স্কটল্যান্ডের নিজস্ব সি.সি.আর.সি (CCRC) রয়েছে।

আমরা কাদের প্রতিনিধিত্ব করি?

আমরা একটি নিরপেক্ষ সংস্থা এবং আমরা বাদি, বিবাদি, পুলিশ, কোর্ট অথবা ফৌজদারি বিচার ব্যবস্থার (ক্রিমিন্যাল জাস্টিস সিস্টেমের) কোন পক্ষের প্রতিনিধিত্ব করি না। এর মানে হলো আমরা দরখাস্তকারীরও প্রতিনিধিত্ব করি না।

আমরা কি করি?

আমরা বিভিন্ন মামলা পর্যালোচনা করে দেখি মামলাগুলো আপীল কোর্টের কাছে পুণর্বিবেচনার জন্য আবারো পাঠানো যায় কি না। কাউকে "নির্দোষ", "দোষী" সাব্যস্ত করা কিংবা পুণরায় মামলার বিচার অনুষ্ঠিত করা আমাদের দায়িত্ব নয়।

পুণর্বিবেচনার জন্য কখন পাঠানো হয়?

কোন মামলা সাধারণত তখনই আপীল কোর্টের কাছে পুণর্বিবেচনার জন্য পাঠানো হয়ে থাকে যখন কোন নতুন আলামত বা সাক্ষ্য-প্রমাণ কিংবা আইনগত বিষয় হাতে আসে, যা মামলাটির মূল বিচারের অথবা আপীলের সময় উপস্থিত ছিল না বা কোর্ট শুনেন নাই, এবং যা দোষী সাব্যস্তকরণ বা সাজা প্রদানের ন্যায্যতার উপর সন্দেহের সৃষ্টি করতে পারে। আমরা কেবলমাত্র তখনই কোন মামলা আপীল কোর্টে পাঠাবার সুপারিশ করবো যখন আমরা দেখবো যে, আপীল কোর্ট কর্তৃক মূল রায় বদলানোর "সত্যিকারের সম্ভাবনা" রয়েছে।

আমরা প্রতি ২৫টি মামলার মধ্যে প্রায় একটি মামলা আপীল কোর্টে পাঠিয়ে থাকি। আপীল কোর্টে কোন মামলা পাঠানোর পর আপীল কোর্ট যাতে পূর্বেকার দোষী সাব্যস্তকরণ অনিরাপদ অথবা সাজা প্রদান অন্যায্য ছিল কি না তা বিবেচনা করে নিতে পারেন, সেইজন্য একটি শুনানির তারিখ ধার্য্য করা হয়।

আমরা কিভাবে পুণর্বিবেচনা শুরু করি?

পুলিশ অথবা স্বাস্থ্য বিভাগের মতো সরকারী সংস্থার কাছে তথ্য সংগ্রহ বা গ্রহণের জন্য আমাদেরকে যে ক্ষমতা দেওয়া হয়েছে, সেই ক্ষমতা প্রয়োগ করে আমরা মূল মামলার প্রয়োজনীয় কাগজপত্র বা নথিপত্র সংগ্রহ করে নেই।

এর পরে কোন একটি মামলা কতটুকু জটিল তা যাচাই করে নেই। যেসব মামলা অপেক্ষাকৃত দ্রুত পুণর্বিবেচনা করা যাবে মনে করা হবে, সেসব মামলার দায়িত্ব একজন কেইসওয়ার্কারের কাছে অর্পন করার জন্য মামলাগুলোকে অন্যান্য অপক্ষেমান মামলার তালিকায় তুলে নেওয়া হয়। বেশি জটিল মামলার দায়িত্ব কেইসওয়ার্কারের কাছে দেওয়ার জন্য আলাদা একটি তালিকায় তোলা হয়। জেল হাজতের সাজা ভোগ করছেন এমন দরখাস্তকারীদেরকে অথবা অন্যান্য বিশেষ পরিস্থিতির অধীন দরখাস্তকারীদেরকে প্রাধান্য দেওয়া হয়।

পুণর্বিবেচনার জন্য কত দিন সময় লাগে?

কোন মামলার দায়িত্ব কোন একজন কেইসওয়ার্কারের উপর ন্যস্ত করার পর তা পূণর্বিবেচনার করতে অনেক সময় লেগে যেতে পারে। জটিল মামলাগুলোর ক্ষেত্রে কয়েক মাস, এমন কি কয়েক বছর লেগে যেতে পারে। আমরা পুঙ্খানুপুঙ্খরূপে কাজ সম্পাদনকে প্রাধান্য দেই। পারদর্শী লোকদের মতামত নেওয়ার জন্য, যথাযোগ্য ক্ষেত্রে, আমরা বিভিন্ন ধরনের পরীক্ষা নিরীক্ষার ব্যবস্থা করি। অনেক সময় মূল মামলার সাক্ষি অথবা মামলার সাথে জড়িত অন্যান্য লোকদের ইন্টারভিউ আমাদের নিতে হয়।

সাধারণত জটিল এবং স্পর্শকাতর মামলাগুলোর ক্ষেত্রে সুনির্দিষ্ট বিষয়াদি তদন্ত করে দেখার জন্য বিভিন্ন সংস্থা, যেমন পুলিশ বিভাগকেও আমরা নির্দেশ দিতে পারি।

আমরা কিভাবে দরখাস্তকারীদের বিবেচনা করি?

প্রত্যেক বছর সি.সি.আর.সি (CCRC) প্রায় ৯০০টি দরখাস্ত গ্রহণ করে থাকে। আইন প্রতিনিধি (উকিল) নিয়োগ করার জন্য আমরা দরখাস্তকারীদের প্রতি উৎসাহ যুগিয়ে থাকি, তবে দরখাস্ত করার জন্য আপনার কোন উকিলের প্রয়োজন হবে না। সাধারণত লিগ্যাল এইড পাওয়া যায়। সি.সি.আর.সি (CCRC)-র কাছে দরখাস্ত করতে কোন পয়সা বা ফি লাগে না এবং যেসব পরীক্ষা বা রিপোর্টের প্রয়োজন হবে বলে আমরা মনে করবো সেগুলোর খরচও আমরা বহন করবো। দরখাস্তকারীর সাথে ব্যক্তিগত ভাবে দেখার করার প্রয়োজন দেখা দিলে, আমরা তা করে থাকি।

পুণর্বিবেচনার অগ্রগতি সম্পর্কে দরখাস্তকারীদেরকে কি নিয়মিত ভাবে জানানো হয়?

আমরা দরখাস্তকারীদের সাথে যতটুকু সম্ভব স্বচ্ছ ও খোলাখুলি হয়ে থাকি, তবে কখনো কখনো তথ্যাদি বা খবরাখবর আমরা গোপন রাখতে বাধ্য থাকি। পুণর্বিবেচনার প্রক্রিয়াটি জটিল প্রক্রিয়া হয়ে উঠতে পারে, তা বুঝতে আমরা দরখাস্তকারীদেরকে সাহায্য করি।

কিছু দরখাস্তকারী তাঁদের মামলা পুণর্বিবেচনার জন্য না নেওয়া হলে আশাহত হয়ে থাকেন। তবে তাঁদের প্রতি আমরা অনুরোধ জানাচ্ছি যে, আমাদের কর্মচারীদের প্রতি যেন তাঁরা সর্বদাই সম্মানজনক আচরণ করেন। অভিযোগ করার জন্য আমাদের একটি পদ্ধতি রয়েছে।

অন্যান্য তথ্য

১৯৯৫ সালের ক্রিমিন্যাল আপীল অ্যাক্ট (Criminal Appeal Act 1995) এর ক্ষমতাবলে সি.সি.আর.সি (CCRC) গঠন করা হয়েছিল। এই অ্যাক্টে সি.সি.আর.সি (CCRC)-র ক্ষমতা ও দায়-দায়িত্ব বর্ণনা করা হয়েছে।

কোন মামলা সরাসরি কোর্ট অব আপীলের (আপীল কোর্টের) কাছে আসলে, সেই মামলাটি দেখার জন্য কোর্ট অব আপীল সি.সি.আর.সি (CCRC)-কে অনুরোধ জানাতে পারেন, অথবা সি.সি.আর.সি (CCRC) কর্তৃক সুপারিশকৃত মামলাসমূহের সুনির্দিষ্ট বিষয়াদি সম্পর্কে আরো তথ্য সংগ্রহ করার জন্য অনুরোধ জানাতে পারেন।

ক্রিমিন্যাল জাস্টিস সিস্টেমের (ফৌজদারী বিচার ব্যবস্থার) উন্নয়ন এবং এটির উপর জনগণের আস্থা বৃদ্ধির ক্ষেত্রেও সি.সি.আর.সি (CCRC)-র আরো একটি বড় দায়িত্ব রয়েছে।

সি.সি.আর.সি (CCRC)-র রয়েল পার্ডন্স (রাজকীয় ক্ষমা) প্রদানের ব্যাপারে পরামর্শ প্রদানের ক্ষমতা রয়েছে, যদিও খুব নগন্য ক্ষেত্রেই এই ক্ষমতা ব্যবহার করা হয়।

মামলার পরিসংখ্যান এবং আইনজীবিদের যোগাযোগের বিবরণ সহ সি.সি.আর.সি (CCRC) সম্পর্কে আরো তথ্য ও খবরাখবর আমাদের এই ওয়েবসাইটে পাবেন: www.ccrc.gov.uk.